



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/14/2023

গভর্নর ক্যাথি হোকল

নিহত ক্যাপ্টেন ক্রিস্টোফার জে গ্যারোকে সম্মান জানাতে গভর্নর হোকল অর্ধনমিত অবস্থায় পতাকা ওড়ানোর জন্য নির্দেশ দিয়েছেন

15 ও 16 জুনে অর্ধনমিত অবস্থায় পতাকা ওড়ানো হবে

15 ও 16 এপ্রিলে নিহত ক্যাপ্টেন ক্রিস্টোফার জে গ্যারোর সম্মানে গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটের ভবনগুলোতে অর্ধনমিত অবস্থায় পতাকা ওড়ানোর ঘোষণা করেছেন।

"ক্যাপ্টেন ক্রিস্টোফার জে গ্যারো একজন নির্ভীক সরকারি কর্মচারী ছিলেন, যিনি তার কমিউনিটি এবং নিউ ইয়র্ক স্টেটকে রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ ছিলেন," **গভর্নর হোকল বলেন।** "ক্যাপ্টেন গ্যারোর সেবা এবং তার সহকর্মী নিউ ইয়র্কবাসীদের রক্ষা করার জন্য উৎসর্গ কখনই ভুলবে না এবং আমার হৃদয় তার পরিবার ও প্রিয়জনদের প্রতি সমবেদনা জানাচ্ছে।"

11 সেপ্টেম্বর, 2001 এ সন্ত্রাসী হামলার পরবর্তীতে বিশ্ব বাণিজ্য কেন্দ্রে এবং এর আশেপাশে তার কার্যভারের ফলে সৃষ্ট একটি অসুস্থতার কারণে ক্যাপ্টেন গ্যারো 12 জুন, 2023 তারিখে মৃত্যুবরণ করেন। তিনি 23 বছর ধরে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)-এ দায়িত্ব পালন করেছেন ছিলেন। ক্যাপ্টেন গ্যারো সিন্টন কাউন্টির নিউ ইয়র্কের পেরুর বাসিন্দা এবং তার স্ত্রী ও দুই কন্যাকে রেখে গেছেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)